# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ

দেশের অর্থনৈতিক গতিধারা ও অগ্রগতির মূল্যায়ন সম্পর্কিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের অন্যতম প্রধান কাজ। অর্থ বিভাগের বরাদ্দকৃত অর্থের মাধ্যমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর ও সংস্থা (সরকারি/বেসরকারি) কর্তৃক বাস্তবায়নাধীন ক্ষুদ্র ঋণ এবং তহবিল কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ এবং পর্যালোচনা সভা এ অনুবিভাগ আয়োজন করে থাকে। এছাড়াও রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উন্নয়ন কর্মসূচিসমূহ পরিবীক্ষণ ও মূল্যায়ন; অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন এডিপি/আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণ-এ অনুবিভাগের অন্যতম কাজ। সমীক্ষা এবং কর্মসূচি পরিবীক্ষণ-এ দুটি অধিশাখা সমন্বয়ে অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ গঠিত। ২০২০-২১ অর্থবছরে এ অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

**সমীক্ষা প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী**

- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা প্রণয়নের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এবং বেসরকারি প্রতিষ্ঠানের কাছ থেকে তথ্য ও উপাত্ত সংগ্রহ, প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ ও সম্পাদনার মাধ্যমে অর্থনৈতিক সমীক্ষায় অন্তর্ভুক্তকরণ;
- ২০২০-২১ অর্থবছরের বাজেটের অন্যতম ডকুমেন্ট হিসেবে ‘বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, ২০২১’ ও ‘Bangladesh Economic Review, 2021’ প্রণয়ন কার্যক্রম; এবং
- বাংলাদেশ জাতীয় আর্কাইভস এর সহায়তায় বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ও Bangladesh Economic Review এর সংরক্ষিত বিগত সংখ্যাসমূহ softcopy তে রূপান্তরসহ ওয়েবসাইটে প্রকাশ।

**অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত কার্যাবলী**

- অর্থ বিভাগের মূল কর্মকান্ড সম্পর্কে সরকার ও সংশ্লিষ্ট সংস্থাসমূহকে যথাযথভাবে অবহিতকরণের লক্ষ্যে অর্থ বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০১৯-২০ প্রণয়ন করা হয়। প্রতিবেদনে অর্থ বিভাগের সকল অনুবিভাগ, মনিটরিং সেল, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় এবং অর্থ বিভাগের এডিপি/আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত তথ্য সন্নিবেশ করা হয়। এছাড়াও সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতিসহ অর্থ বিভাগের সংস্কার কর্মকান্ড সম্পর্কে আলোকপাত করা হয়; এবং
- প্রণীত বার্ষিক প্রতিবেদনটি সকল মন্ত্রণালয়/বিভাগের মাননীয় মন্ত্রী, সিনিয়র সচিব/সচিব এর দপ্তরে প্রেরণ, অর্থ বিভাগের সকল কর্মকর্তা, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় এবং অর্থ বিভাগের এডিপি/আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দপ্তরে বিতরণ ও অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

**সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ সংক্রান্ত কার্যাবলী**

- বাংলাদেশের অর্থনীতির হালনাগাদ পরিস্থিতির উপর বিভিন্ন তথ্যাদি/প্রতিবেদন সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চাহিদার ভিত্তিতে প্রদান।

**জাতীয় সংসদ সংশ্লিষ্ট কার্যাবলী**

- জাতীয় সংসদে ২০২২ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি প্রদেয় ভাষণে অন্তর্ভুক্তির জন্য অর্থ বিভাগ সম্পর্কিত তথ্যাবলি সম্বলিত প্রতিবেদন প্রেরণ; এবং

- জাতীয় সংসদ অধিবেশনে অর্থ বিভাগ সংশ্লিষ্ট প্রশ্নের সম্পূরক প্রশ্নসহ জবাব প্রদান।

**বাজেট সংশ্লিষ্ট কার্যাবলী**

- বাজেট বক্তৃতায় সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিষয়ে তথ্য সরবরাহ; এবং
- বাজেট অধিবেশনে জাতীয় সংসদ সচিবালয় পরিচালিত বাজেট ইনফরমেশন হেল্প ডেস্কে অর্থ বিভাগের প্রতিনিধিত্ব এবং সংসদ সদস্যগণের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্য-উপাত্ত প্রদান।

**প্রকল্প সংক্রান্ত কার্যাবলী**

- ২০২০-২১ অর্থবছরে অর্থ বিভাগের আওতাধীন এডিপি/আরএডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের উপর মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার জন্য তথ্য সংগ্রহ, কার্যপত্র প্রণয়ন, সভা আহবান, সভার কার্যবিবরণী প্রস্তুত, সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রভৃতি সংক্রান্ত কার্যাবলী সম্পাদন;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মাসিক, ত্রৈমাসিক, বার্ষিক প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ;
- অর্থ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জনবল সংক্রান্ত তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে প্রেরণের লক্ষ্যে প্রশাসন-১ শাখায় ত্রৈমাসিক ও বার্ষিক ভিত্তিতে প্রেরণ;
- এডিপি/আরএডিপি ভুক্ত প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন সভায় যোগদান ও মতামত প্রদান;
- বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়নের লক্ষ্যে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকবৃন্দের নিকট থেকে সংগ্রহ এবং তা সমন্বয় করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ; এবং
- অর্থ বিভাগের আওতায় বাস্তবায়িত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের প্রকল্প সাহায্য বরাদ্দ প্রস্তাব সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ থেকে সংগ্রহ করে অর্থ বিভাগের সমন্বিত প্রকল্প সাহায্য বরাদ্দ প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ।

**কর্মসূচি সংক্রান্ত কার্যাবলী**

- ২০২০-২১ অর্থবছরে বিভিন্ন মন্ত্রণালয়ের আওতায় অনুন্নয়ন বাজেট থেকে অর্থায়নকৃত চলমান কর্মসূচির উপর নির্ধারিত ছকে মাসিক অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ ও পর্যালোচনা সভার জন্য কার্যপত্র প্রণয়ন, সভা আহবান, কার্যবিবরণী প্রস্তুতকরণ, সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন উন্নয়ন কর্মসূচি সংক্রান্ত বিভিন্ন সভায় যোগদান ও মতামত প্রদান;
- চলমান কর্মসূচিসমূহের ক্রয় সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সংগ্রহ ও তা পর্যালোচনা সভায় উপস্থাপন;
- অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত কর্মসূচির মূল্যায়ন কমিটি ও মনিটরিং কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধিত্বকরণ ও মতামত প্রদান;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উন্নয়ন কর্মসূচি/প্রকল্প সরেজমিন পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন করে তা অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ ও সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থায় প্রেরণ; এবং
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন সংশ্লিষ্ট কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির উপর উত্থাপিত অভিযোগ/অনিয়ম/বরাদ্দের পরিবর্তন/নতুন ফেইজ অনুমোদন সংক্রান্ত বিষয়ে কর্মকর্তা পর্যায়ে সরেজমিন পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রদান।